# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৬৪

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

3464 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ قَالَ: حَدَّثَنَا هُشَيْمٌ قَالَ: حَدَّثَنَا مَنْصُورُ بْنُ زَاذَانَ عَنْ خُبَيْبِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَمَّتِهِ أُنَيْسَةَ بِنْتِ خُبَيْبٍ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (إِذَا أَذَّنَ ابْنُ أُمِّ مَكْتُومٍ فَكُلُوا وَاشْرَبُوا وَإِذَا أَذَّن بِلَالٌ فَلَا تَأْكُلُوا وَلَا تَشْرَبُوا).
فَإِنْ كَانَتِ الْوَاحِدَةُ مِنَّا لَيَبْقَى عَلَيْهَا الشَّيْءُ مِنْ سَحُورِهَا فَتَقُولُ لِبِلَالٍ أَمْهِلْ حَتَّى أَفْرَغَ من سحوري).
الراوي : أُنَيْسَة بِنْت خُبَيْبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3464 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (1/ 237).
قَالَ أَبُو حَاتِمٍ رضي الله عنه: هَذَانِ خَبَرَانِ قَدْ يُوهِمَانِ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْعِلْمِ أَنَّهُمَا مُتَضَادَّانِ وَلَيس كَذَلِكَ لِأَنَّ الْمُصْطَفَى صلى الله عليه وسلم كَانَ جَعَلَ اللَّيْلَ بَيْنَ بِلَالٍ وَبَيْنَ ابْنِ أُمِّ مَكْتُومٍ نَوْبًا فَكَانَ بِلَالٌ يؤذّن بِاللَّيْلِ لَيَالِيَ مَعْلُومَةً لِيُنَبِّهَ النَّائِمَ ويَرْجِعَ الْقَائِمُ لَا لِصَلَاةِ الْفَجْرِ وَيُؤَذِّنُ ابْنُ أُمِّ مَكْتُومٍ فِي تِلْكَ اللَّيَالِيَ بَعْدَ انْفِجَارِ الصُّبْحِ لِصَلَاةِ الْغَدَاةِ فَإِذَا جَاءَتْ نَوْبَةُ ابْنِ أُمِّ مَكْتُومٍ كَانَ يُؤَذِّنُ بِاللَّيْلِ لَيَالِيَ مَعْلُومَةً كَمَا وَصَفْنَا قَبْلُ وَيُؤَذِّنُ بِلَالٌ فِي تِلْكَ اللَّيَالِيَ بَعْدَ انْفِجَارِ الصُّبْحِ لِصَلَاةِ الْغَدَاةِ مِنْ غَيْرِ أَنْ يَكُونَ بَيْنَ الْخَبَرَيْنِ تَضَادٌّ أو تهاتر.

বাংলা

৩৪৬৪. উনাইসা বিনতু খুবাইব রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন ইবনু উম্মু মাকতূম আযান দিবে, তখন তোমরা পানাহার করবে এবং যখন বিলাল আযান দিবে, তখন তোমরা আর পানাহার করবে না।”

রাবী বলেন, “অতঃপর যদি আমাদের কারো কাছে সাহারীর কিছু অংশ অবশিষ্ট থাকতো, তবে সে বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতো, একটু দেরি করুন, যাতে আমি সাহারী শেষ করতে পারি।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই দুটি হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীস দুটি হয়তো পরস্পর বিরোধী; আসলে বিষয়টি এমন নয়। কেননা রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাতে আযান দেওয়ার জন্য বিলাল ও ইবনু উম্মু মাকতূমের মাঝে পালি করে দিয়েছিলেন। কাজেই নির্দিষ্ট কয়েক রাত বিলাল খুবাইব রাদ্বিয়াল্লাহু আনহু রাতে আযান দিতেন ঘুমন্ত ব্যক্তিকে জাগিয়ে দেওয়ার জন্য এবং কিয়াম কারী ব্যক্তিকে ফিরিয়ে দেওয়ার জন্য; ফজরের সালাতের জন্য নয়। আর এই রাতগুলো ইবনু উম্মু মাকতূম রাদ্বিয়াল্লাহু আনহু ফজর উদ্ভাসিত হওয়ার পর ফজরের সালাতের জন্য আযান দিতেন।

অতঃপর যখন ইবনু উম্মু মাকতূমের পালা আসতো, তখন তিনি পূর্বে বর্ণিত পন্থায় নির্দিষ্ট কিছু রাতে আযান দিতেন আর এই রাতগুলো বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু ফজর উদ্ভাসিত হওয়ার পর ফজরের সালাতের জন্য আযান দিতেন। এমন নয় যে, উভয় হাদীসের মাঝে কোন বৈপরীত্ব আছে।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৪৩৩; নাসাঈ: ২/১০-১১; সহীহ ইবনু খুযাইমাহ: ৪০৪; তাহাবী: ১/১৩৮; তাবারানী আল কাবীর; ২৪/৪৮২; আত তায়ালিসী: ১৬৬১; সুনান বাইহাকী: ১/৩৮২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/২৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উনাইসা বিনতু খুবাইব (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92798

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন